W.B.F. Form No. 27

# FIRST INFORMATION REPORT

4845 First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at PS

1. Dist. Purulia Sub-Divn. Sadar P.S Purulia(T) Year 2022 FIR No. 45/22 Date 27.02.22

2. i) Act IPC Sections 420/323/506/34 ii) Act ✗ Sections ......

iii) ...... Sections ...... iv) Other acts & Sections ✗

3. a) General Diary Reference : Entry No. 1419 Time 21:15 hrs.

b) Occurrence of Offence : Day Thursday Date 03/02/22 Time evening

c) Information received Date 27/02/2022 Time 21:15 G.D. No. 1419 at the P.S.

4. Type of Information : Written / Oral Typed court complaint

5. Place of Occurrence : a) Direction and Distance from P.S. North from PS approx. 03 Kms Jeepable

b) Address Chanevati Jamana Bandhpara, W.No. 4, PS- Purulia (T), Dist- Purulia

...... Beat No. ......

c) In case outside limit of this Police Station, then the name of P.S. N/A District ......

6. Complainant / Informant :

a) Name Smt. Rama Gangaly

b) Father's / Husband's Name Palash Gangaly

c) Date / Year of birth ...... d) Nationality ......

e) Address Vill+P.O- Beltora, PS-Purulia(M) Dist- Purulia A/P Chanevati Jamana Bandhpara W. No. 4, PS- Purulia(T), Dist- Purulia.

7. Details of known/suspected /unknown/accused with full particulars (Attach separate sheet, if necessary) :

1) Palash Gangaly S/O Lt. Falguni Gangaly of Vill & P.O. Beltora, PS- Purulia (M) Dist- Purulia.

2) 02(two) Un-known person.

8. Reasons for delay in reporting by the complainant/informant ‒

9. Particulars of properties stolen/involved : (Attach separate sheet, if required) : ‒

10. Total value of properties stolen/involved ‒

11. Inquest report/U.D. Case No., if any : Does not arise.

12. FIR Contents : (Attach separate sheet, if required)

The original typed court complaint of the complainant vide Misc. Petition No. 37 of 2022 u/s 156(3) Cr.P.C duly forwarded by Ld. C.J.M Purulia which has been treated as F.I.R is enclosed herewith.

(Signature) 27.02.22 Inspector-in-Charge Purulia Town P S Purulia

13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 420/323/506/34 IPC

As per kind instruction of I/C Purulia(T) PS, SI Gopal Ch. Man of PLA (T) PS

registered the case and took up the investigation/directed ASI Gauri Charan Mahato of PLA(T) to take up the investigation/transferred to P.S ...... on point of jurisdiction. FIR read over to the Complainant/informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant/informant free of cost.

(Signature) 27.02.22 Inspector-in-Charge Purulia Town P S Purulia

Signature of the Officer-in-Charge, Police Station with

Name Gopal Chandra Man

Rank SI of Police, Purulia (T) PS

Number if any Dist- Purulia dated 27/02/22

is on the court complaint.

Signature / Thumb impression of the Complainant/informant

17 FEB 2022

IN THE COURT OF ... MAGISTRATE PURULIA

Allowed.
17/02/2022

প্রতি,
চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, পুরুলিয়া।

**মিস পিটিশন নং 37 ২০২২**
**আন্ডার সেকশন ১৫৬(৩) সি.আর.পি.সি।**

**অভিযোগকারিনীর নাম ও ঠিকানা ঃ-**

রানু গাঙ্গুলী স্বামী পলাশ গাঙ্গুলী পিতা মৃত অশোক দেওঘরিয়া, বয়স ৩৬ বছর, গ্রাম ও পোঃ- বিলতোড়া, থানা- পুরুলিয়া (মফঃ), জেলা পুরুলিয়া (পঃবঃ), কিন্তু বর্তমানে আমি চুনাভাটি, যমুনাবাঁধ পাড়ায় যাহা ওয়ার্ড নং ২১ এর মধ্যে পরে, থানা পুরুলিয়া টাউন, জেলা পুরুলিয়া এখানেই থাকি।

**অভিযুক্তের নাম ও ঠিকানা ঃ-**

১) পলাশ গাঙ্গুলী পিতা মৃত ফাল্গুনী গাঙ্গুলী, বয়স ৪৫ বছর, ঠিকানা গ্রাম ও পোঃ- বিলতোড়া, থানা- পুরুলিয়া (মফঃ), জেলা পুরুলিয়া।

২) দু-জন অপরিচিত ব্যাক্তি যাদের চিনি কিন্তু নাম গুলো জানিনা।
যে দুজনের ঠিকানা হচ্ছে , চুনাভাটি, যমুনা বাঁধ পাড়া, ওয়ার্ড নং ২১, থানা পুরুলিয়া টাউন, জেলা পুরুলিয়া (পঃবঃ)।

**ঘটনার দিন ও সময় ঃ-**

০৩/০২/২০২২ সময় সন্ধ্যা ৬.০০ টা।

**ভারতীয় দন্ডবিধি আইনের নিম্নোক্ত ধারা প্রযোজ্য ঃ-**

উক্ত অভিযোগ পুরুলিয়া টাউন থানার বড়বাবুর নিকট পাঠাইয়া তদন্ত সাপেক্ষে সরজমিন তদন্ত মতে সাক্ষী সাপেক্ষে বিহীত আইন মোতাবেক ব্যবস্থা গ্রহন করিয়া উপরোক্ত নাম বর্নিত অভিযুক্তের বিহীত ব্যবস্থা গ্রহনের আজ্ঞা দানে মর্জ্জি হয়।

IN THE COURT OF CHIEF JUDICIAL MAGISTRATE PURULIA 17 FEB 2022

মহাশয়,

আপনার নিকট আমার সবিনয় নিবেদন এই যে, আমি বর্তমানে টাউন থানার অন্তর্গত আপনার বিচারাধীন চুনাভাটি, যমুনা বাঁধ পাড়া, ওয়ার্ড নং ২১ এর মধ্যে পড়ে সেখানেই থাকি ।

মহাশয়, আমার স্বামীর একটি যমুনা বাঁধ পাড়ায় বাড়ি আছে সেটি আমাকে রেজেষ্ট্রি করে দেব বলে ২ লক্ষ ৫০ হাজার টাকা নেয় ও বলে আরো সমপরিমানে টাকা দিতে হবে, তবে ডিভোর্স দিতে হবে এটা শর্ত থাকে । আমি ডিভোর্স কাগজে সহি করে মহামান্য জজ কোর্টে কেস ফাইল করি যার MAT Suit নং ৯১/২০২১ কিন্তু আমার স্বামী যখন দিনের পর দিন আমাকে বাড়িটি রেজেষ্ট্রি করে দিতে চায় না তখন আমি বুঝে যাই যে, সে আমার টাকাটা আত্মসাৎ করেছে , তাই আমি গত ০৩/০২/২০২২ তারিখ জজ কোর্ট থেকে কেসটি তুলে নিই । আমার স্বামী বিলতোড়া গ্রামেই তার মায়ের কাছে থাকে । এরপর সেইদিনই ৩/২/২০২২ সন্ধ্যাবেলায় আমার স্বামী পলাশ গাঙ্গুলি মদ খেয়ে পুরুলিয়ায় যমুনা বাঁধ পাড়ায় আসে ও কেসটি তুলে নেওয়ার জন্য বা তুলে নিই বলে গালিগালাজ করতে থাকে ও তার সাথে দু-জন অপরিচিত লোক ছিল যাদের আমি চিনি কিন্তু নামগুলো জানি না , তারাও পলাশ এর সাথে মিলেমিশে আমার সাথে ঝামেলা করে এবং অশ্রাব্য ভাষায় গালিগালাজ করে । আমি তখন ২ লক্ষ ৫০ হাজার টাকা ফেরৎ দিতে বললে পলাশ ও তার সাথে থাকা দুজন আমাকে টেনে ঘর থেকে বের করে মাটিতে ফেলে মারামারি করে , গলা টিপে ধরে ও প্রাণে মারার চেষ্টা করে । আমাকে চড় থাপ্পড় মারে ও বলে টাকাটা আর ফেরৎ পাবি না । এইভাবে অনেকের টাকা আমি আত্মসাৎ করেছি । এই ঘটনার কথা আমি লিখিতভাবে গত ০৪/০২/২০২২ পুরুলিয়া টাউন থানাতে জানাই । ওনারা কেস করে দিবেন বলে আমাকে ০৭/০২/২০২২ দেখা করার জন্য বলেন , আমি থানায় যাই কিন্তু উনারা কোন কেস তখনও পর্যন্ত শুরু করেন নি, তাই আমি সেই দিনেই ০৭/০২/২০২২ তারিখ পুনরায় রেজেষ্ট্রি করে আবার টাউন থানায় অভিযোগটি পাঠাই । এর পরেও কোন কেস শুরু না হওয়ায় আমি বাধ্য হয়ে সুপারেনটেনডেন্ট অফ্ পুলিশ মহাশয়কে গত ১১/০২/২০২২ তারিখ লিখিতভাবে ঘটনার কথা জানাই কিন্তু পুরুলিয়া টাউন থানা আজ পর্যন্ত কোন কেস করেনি ।

IN THE COURT OF CHIEF JUDICIAL MAGISTRATE
17 FEB 2022
PURULIA

// ৩ //

Ranu Ganguly

by
Mrityor Mukherjee

অতএব মহাশয় যাহাতে পলাশ গাঙ্গুলী ও অন্য দুজন অপরিচিত ব্যাক্তিদের বিরূদ্ধে আমাকে মারধর করার জন্য ও পলাশ গাঙ্গুলীর বিরূদ্ধে প্রতারনা করে টাকা আত্মসাৎ করার জন্য উপযুক্ত আইনি ব্যবস্থা করেন ও উক্ত ব্যাক্তিদের শাস্তি হয়, তার জন্য অনুরোধ জানাই ।

তাই হুজুর সমীপে শরনাপন্ন হইয়া উপযুক্ত প্রার্থনায় এই অভিযোগ দায়ের করিলাম । হুজুর উপরোক্ত ঘটনা পুরুলিয়া টাউন থানার বড়বাবুর নিকট পাঠাইয়া এফ. আই. আর মানিয়া তদন্ত সাপেক্ষে সরজমিন তদন্ত মতে বিহীত আইন মোতাবেক ব্যবস্থা গ্রহনের আজ্ঞা দানে মঞ্জুরী হয় ।

**সত্যাখান**

উপরোক্ত ঘটনা আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য জানিয়া সুস্থ শরীরে, সাবলীল মনে, সরল অন্তঃকরনে কাহারো দ্বারা প্ররোচিত না হইয়া নির্ভিক চিত্তে অভিযোগের তত্ত্ব জ্ঞাত হইয়া এই সত্যাখ্যানে স্বাক্ষর করিলাম । তারিখ ঃ ১৭/০২/২০২২ ।

Received on 27.02.22 at 12:15 hrs. and started Purulia (T) PS Case No. 45/22 dtd. 27.02.22 u/s 420/323/506/34 IPC
27.02.22
Inspector-in-Charge
Purulia Town P S
Purulia

**স্বাক্ষর**
Ranu Ganguly

**সংযুক্তি ঃ**

১) রেজেষ্ট্রী রিসিপ্ট তারিখ ০৭/০২/২০২২ যাহাতে অভিযোগপত্রটি পুরুলিয়া টাউন থানায় পাঠানো হয়েছিল, আসল কপি (১) কপি ।

২) লিখিত অভিযোগপত্রের প্রতিলিপি যাহার তারিখ ০৪/০২/২০২২ যেটি পুরুলিয়া টাউন থানার অফিসার ইন্ চার্জ কে পাঠানো হয়েছিল (২) কপি ।

৩) লিখিত অভিযোগপত্রের প্রতিলিপি যাহার তারিখ ৭/২/২০২২ যেটি পুরুলিয়া টাউন থানার অফিসার ইন্ চার্জ কে পাঠানো হয়েছিল রেজেষ্ট্রি মারফৎ (২) কপি ।

৪) লিখিত অভিযোগপত্র যাহা সুপারিনটেনডেন্ট অফ্ পুলিশ, পুরুলিয়াকে দেওয়া হয়েছিল, যার তারিখ ১১/০২/২০২২ (২) কপি ।

মোট (৭) সাত কপি ।